



চট্টগ্রাম সিটি করপোরেশনের প্রশাসক হলেন শাহাদাত হোসেন



চসিক মেয়র ডা: শাহাদাত। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম সিটি করপোরেশনের প্রশাসক হিসেবে দায়িত্ব পেয়েছেন ডা. শাহাদাত হোসেন। এ পদে তাঁর নিয়োগের কথা জানিয়ে রোববার (২৫ অক্টোবর) প্রজ্ঞাপন জারি করেছে স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের সিটি করপোরেশন-১ শাখা থেকে প্রজ্ঞাপনটি প্রকাশ করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে এতে সই করেন উপসচিব জুয়েল রানা।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, স্থানীয় সরকার (সিটি করপোরেশন) সংশোধন আইন, ২০২৬-এর ৪ ধারার আওতায় তাঁকে এ দায়িত্ব দেওয়া হয়েছে। নতুন সিটি করপোরেশন গঠন না হওয়া পর্যন্ত অথবা সরকার পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি প্রশাসকের দায়িত্বে থাকবেন। এ সময়ে আইনের ৪ ধারার ৩ উপধারা অনুযায়ী মেয়রের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন তিনি। নিয়ম অনুযায়ী মাসিক সম্মানী ও অন্যান্য ভাতাও পাবেন।

চট্টগ্রাম সিটি করপোরেশনের ২০২১ সালের ২৭ জানুয়ারির নির্বাচনের ফল চ্যালেঞ্জ করে আদালতে মামলা করেছিলেন শাহাদাত হোসেন। ওই মামলায় ২০২৪ সালের ১ অক্টোবর আদালত তাঁকে মেয়র প্রার্থী হিসেবে বিজয়ী ঘোষণা করে রায় দেন। জুলাই গণ-অভ্যুত্থানের পর এ রায় দেওয়া হয়।